# সমঝোতা স্মারক
# (Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ (সিসিডিবি)

আগস্ট, ২০১৬ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কট ০৯১০১৪৪

## যুব উন্নয়ন অধিদপ্তর এবং সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ-এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক
## (Memorandum of Understanding)

বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮ মতিঝিল বা /এ, ঢাকা-১০০০। এ অধিদপ্তর বেকার যুবদেরকে বিভিন্ন কারিগরি ও বৃত্তিমূলক ট্রেডে প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা প্রদান করে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করে থাকে। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রাতিষ্ঠানিক ও ৪৯৫টি উপজেলায় (১০টি মেট্রোপলিটান ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের পাশাপাশি সামাজিক বিভিন্ন সমস্যা সম্পর্কে যুবদের সচেতন করে থাকে। অবৈধ পথে বিদেশ গমন নিরুৎসাহিত করা, যৌতুক প্রথার কুফল, মাদক দ্রব্যের অপব্যবহার এবং নারী ও শিশু পাচার প্রতিরোধ, এইচআইভি, এইডস ইত্যাদি বিষয়ে যুবদের মাঝে সচেতনতা সৃষ্টি করা হয়।

অন্যদিকে, সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ (সিসিডিবি) একটি সমাজসেবামূলক শিশুতোষ প্রতিষ্ঠান, যার ঠিকানা- ১২১/৩, নিউ ইস্কাটন (৩য় তলা), ঢাকা-১০০০। এ প্রতিষ্ঠান শিশুদের (১৮ বছর) নিয়ে নানাবিধ কাজ করছে। সুবিধাবঞ্চিত শিশুরাই বড় হয়ে বিদেশে যাওয়ার চেষ্টা করে। গ্রামের বাবা মায়েরা জমিজমা বিক্রি করে, ধার দেনা করে নিঃস্ব হয়ে সন্তানকে বিদেশে পাঠায়। বিদেশ যাওয়ার আগেই তারা নানা অনভিপ্রেত ঘটনায় জড়িয়ে পড়ে। এমনকি তাদের মৃত্যুও হয়। এই ভয়াবহ ঘটনা কখনও জনসমক্ষে আসছে বা কালের গর্ভে বিস্মৃতির অতলে হারিয়ে যাচ্ছে। ধ্বংস হয়ে যাচ্ছে বহু পরিবার। এই মানুষগুলো যদি বৈধ পথে বিদেশে যেতে পারতো তাহলে দেশ রেমিটেন্স পেয়ে সমৃদ্ধ হতো এবং পরিবারগুলো বেঁচে যেতো ধ্বংসের হাত থেকে।

যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত কর্মসূচির সাথে সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ (সিসিডিবি) কর্তৃক পরিচালিত কর্মসূচির সামঞ্জস্য রয়েছে এবং সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ (সিসিডিবি) যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে পার্টনারশীপ ভিত্তিতে মানব পাচার প্রতিরোধ কার্যক্রম পরিচালনায় আগ্রহী, সেহেতু যুবসমাজের বৃহত্তর কল্যাণের স্বার্থে যুব উন্নয়ন অধিদপ্তর এবং সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ (সিসিডিবি) একটি সমঝোতা স্মারক স্বাক্ষরে সম্মত হয়।

**সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলি ঃ**

ক. অবৈধ পথে দালালের মাধ্যমে বিদেশ গমন নিরুৎসাহিত করা।

খ. বিভিন্ন কর্মসূচি পালনের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা।

গ. বৈধ পথে বিদেশ গমনের পূর্বে সকল কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তর হতে যাচাই করে নেয়ার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কট

০৯১০১৪১

**যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয় ঃ**

১. যুব উন্নয়ন অধিদপ্তর মানব পাচার প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।

২. মানব পাচার প্রতিরোধ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।

৩. যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ মানব পাচার প্রতিরোধ কার্যক্রম পরিচালনায় সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ প্রয়োজনে ব্যবহার করতে পারবে।

**সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ (সিসিডিবি) এর করণীয় ঃ**

১. সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ বিদেশ গমনেচ্ছুদের সচেতন করার লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকায় সভা, সমাবেশ, র‍্যালি ও কর্মশালা আয়োজন করবে।

২. অবৈধ পথে দালালের মাধ্যমে বিদেশ গমনের ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির জন্য ডকুমেন্টারী তৈরী করে প্রচার করবে।

৩. দেশের বিভিন্ন এলাকায় আয়োজিত সভা, সমাবেশ, র‍্যালি ও কর্মশালায় দেশের বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতি নিশ্চিত করবে।

৪. বৈধ পথে বিদেশ গমনকে উৎসাহিত করে ধারাবাহিক নাটক, স্পট ও বিজ্ঞাপন টেলিভিশনে প্রচারের ব্যবস্থা করবে।

৫. জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মিউজিক্যাল প্রোগ্রাম এবং রোড শো আয়োজন করবে।

৬. বিদেশ গমনেচ্ছু ও জনসাধারণের মধ্যে বিদেশ গমন সংক্রান্ত তথ্য সম্বলিত পোস্টার ও লিফলেট বিতরণ করবে।

৭. সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ কর্তৃক আয়োজিত সকল কর্মসূচিতে স্থানীয় জনসাধারণকে সম্পৃক্ত করবে।

৮. সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ ছয় মাস পর পর গৃহিত কার্যক্রমের অগ্রগতির সমন্বিত প্রতিবেদন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক বরাবরে প্রেরণ করবে।

**যুব উন্নয়ন অধিদপ্তর ও সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশের যৌথভাবে করণীয় ঃ**

১. যুব উন্নয়ন অধিদপ্তর এবং সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে কাজ করবে।

২. এ সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন মতবিরোধ বা সমস্যার উদ্ভব হলে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে তা সমাধান করবে। অথবা যে কোন প্রতিষ্ঠানের প্রধান যে সিদ্ধান্ত গ্রহণ করবে তাই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. এ সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী দুই বছর কার্যকর থাকবে। তবে উভয় পক্ষের সম্মতিতে এ সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি করা যাবে।




কট
০৯১০১৪৩

<u>যুব উন্নয়ন অধিদপ্তর ও সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশের ফোকাল পয়েন্ট</u> ঃ

এ সমঝোতা স্মারক সুষ্ঠুভাবে বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে উপ-পরিচালক (প্রকাশনা) এবং সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশের পক্ষে মোঃ হাবিবুর রহমান, অর্থ সম্পাদক ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

উল্লেখিত শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষই একমত হয়ে অদ্য ২২-০৮-২০১৬ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম।

| সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ (সিসিডিবি) - এর পক্ষে | যুব উন্নয়ন অধিদপ্তর বাংলাদেশ-এর পক্ষে |
|---|---|
| 22/08/16 | |
| (ফালগুনী হামিদ)<br>সভাপতি | (আনোয়ারুল করিম)<br>মহাপরিচালক |

22.08.16

| | |
|---|---|
| সাক্ষী :<br>১। | সাক্ষী:<br>১। |